

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা

গত ২৭.০৯.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

তারিখ : ২৭.০৯.২০১৭ খ্রিঃ

সময় : দুপুর ১২:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১।	জনাব এস এম আশফাক হসেন	সদস্য (বোর্ড প্রশাসন)	জাতীয় রাজস্ব বোর্ড
০২।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক	জাতীয় রাজস্ব বোর্ড
০৩।	জনাব কালিপদ হালদার	সদস্য (তথ্য ব্যবস্থাপনা ও সেবা) ও প্রকল্প পরিচালক, এসজিএমপি	জাতীয় রাজস্ব বোর্ড
০৪।	জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা	সদস্য (শুল্কঃ রপ্তানী বন্ড ও আইটি)	জাতীয় রাজস্ব বোর্ড
০৫।	জনাব মোঃ রেজাউল হাসান	সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) ও প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প	জাতীয় রাজস্ব বোর্ড
০৬।	জনাব মোঃ লুৎফর রহমান	সদস্য (শুল্ক নীতি) ও কর্মসূচি পরিচালক, এসআইকুডা ওয়ার্ল্ড	জাতীয় রাজস্ব বোর্ড
০৭।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী এনডিসি	যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৮।	জনাব মোঃ মোস্তবা আলী	মহাপরিচালক	কাস্টমস ও ভ্যাট একাডেমি
০৯।	জনাব সফিনা জাহান	অতিরিক্ত কর কমিশনার	কর অঞ্চল-১, চট্টগ্রাম
১০।	জনাব নন্দিতা রানী সাহা	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং বিভাগ	গণপূর্ত অধিদপ্তর
১১।	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১২।	জনাব মোঃ তাসনিমুর রহমান	যুগ্ম কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট	যশোর কমিশনারেট
১৩।	জনাব মোহাম্মদ এনামুল হক	যুগ্ম কমিশনার	মংলা কাস্টম হাউজ
১৪।	জনাব রেজভী আহমেদ	সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট	রংপুর কমিশনারেট
১৫।	জনাব মোঃ আতাউর রহমান	অডিট এন্ড একাউন্টস অফিসার	সিএও, আইআরডি দপ্তর

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র অনুসারে বিগত ২২.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার অনুমোদিত এবং বিতরণকৃত কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কারো কোনো আপত্তি না থাকায় তা নিশ্চিত করা হয়।

৩.১ অতঃপর সভায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপি'তে এ বিভাগের আওতায় এনবিআর কর্তৃক বাস্তবায়নধীন মোট ৪টি উন্নয়ন প্রকল্পের জুলাই, ২০১৭ পর্যন্ত নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

(অংকসমূহ কোটি টাকায়)

মোট বরাদ্দ			মোট অবমুক্ত			মোট ব্যয়			অগ্রগতির হার	
মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	২০১৬-১৭	২০১৫-১৬
১৯০.৫৪	৬০.৮২	১২৯.৭২	০০	০০	০০	০০	০০	০০	০০	০০

৩.২ কোনো প্রকল্পেই অর্থ অবমুক্তি ও ব্যয় না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করে বলেন যে, অর্থ বছরের শুরুতেই সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি চলমান প্রকল্পসমূহে এখনই কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নপূর্বক সে মোতাবেক কর্মপ্রয়াস গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৩.৩ অতঃপর বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। দেখা যায় যে, ভ্যাট অনলাইন প্রকল্প ও 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প'র আওতায় ৫ (পাঁচ) দিনব্যাপী প্রকল্প ব্যবস্থাপনার ওপর যে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিলো তার পরিপ্রেক্ষিতে ভ্যাট অনলাইন প্রকল্প ২৪.০৯.২০১৭ হতে ২৮.০৯.২০১৭ মেয়াদে একটি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে। ভ্যাট অনলাইন প্রকল্প এবং বিভিন্ন কমিশনারেটে কর্মরত সহকারী কমিশনার হতে অতিরিক্ত কমিশনার পর্যায়ের মোট ২২ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন। 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' প্রকল্পের প্রশিক্ষণের বিষয়ে এনবিআর এর সংশ্লিষ্ট সদস্য জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা বলেন যে, আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক নিযুক্ত হলেই অন্যান্য কর্মকর্তা ও কর্মচারিগণ নিয়োগ করা সম্ভব হবে। ফলে, প্রকল্পের পিআইইউ গঠন করে এ প্রশিক্ষণটি আয়োজন করা সমীচীন হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, যেহেতু কাস্টমস ও

ভ্যাট এর মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রকল্পে সংযুক্তিতে কাজ করতে আগ্রহী থাকেন না, সে কারণে একটি নির্দিষ্ট সময় পর পর পিআইইউ গঠন করতে হবে। প্রতিবার নতুন পদায়িত কর্মকর্তাগণের জন্য এরূপ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে।

- ৩.৪ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমিতে চলমান ও অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণ কোর্সে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়টি অন্তর্ভুক্তির সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়িত না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, বিসিএস (কর) একাডেমিতে এ বিষয়ে সম্প্রতি দু'দিনের একটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু বিগত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে নিয়মিত প্রশিক্ষণসমূহে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়নি। সভায় বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমির মহাপরিচালক খুব শিঘ্রই এধরনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করবেন বলে জানান। সভাপতি মহোদয় একাডেমি দু'টিতে চলমান কোর্সসমূহে প্রকল্প ব্যবস্থাপনা'কে অন্তর্ভুক্তির নির্দেশনা প্রদান করে বলেন যে, প্রয়োজনানুযায়ী বিভিন্ন অঞ্চলে এ বিষয়ে সংক্ষিপ্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রাথমিক পর্যায়ে তিনি খুলনা, বরিশাল, যশোর ও রংপুরে এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমির মহাপরিচালককে নির্দেশনা প্রদান করেন।
- ৩.৫ বর্তমান অর্থবছরের প্রায় তিন মাস অতিবাহিত হলেও বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের কোনোটিরই প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন যে, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে এ কমিটি দু'টির নিয়মিত সভা অনুষ্ঠান অতিগুরুত্বপূর্ণ। তিনি অক্টোবর'১৭ মাসের মধ্যে সকল প্রকল্পের প্রথমে বাস্তবায়ন কমিটির সভা এবং পরবর্তিতে স্ট্রিয়ারিং কমিটির সভা আহ্বানের নির্দেশনা প্রদান করেন।
- ৩.৬ বিবিধ আলোচনায় সিনিয়র সহকারী প্রধান বলেন যে, যশোর কমিশনারেট ভবন নির্মাণের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি প্রায় ৬ (ছয়) মাস যাবত অর্থ বিভাগে জনবল নির্ধারণের জন্য অনিষ্পন্ন অবস্থায় পড়ে রয়েছে। ফলে, প্রকল্পের অনুমোদনের জন্য ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। তিনি প্রস্তাব করেন যে, যেহেতু প্রকল্পটি মূলতঃ নির্মাণধর্মী এবং নির্মাণের সকল কাজ গণপূর্ত অধিদপ্তর সম্পন্ন করবে সে কারণে প্রকল্পের জন্য আলাদা জনবল খুব একটা অত্যাবশ্যকীয় নয়। সে ক্ষেত্রে বরং সংশ্লিষ্ট কমিশনারেটের বিদ্যমান জনবলকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব দিয়ে প্রকল্পের কার্যাদি সম্পাদন করা যায়। সভায় তার প্রস্তাব গ্রহণ করা হয়।
- ৩.৭ আলোচনার এ পর্যায়ে জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি অনুমোদিত না হওয়ায় প্রকল্পের কাজ বন্ধ রয়েছে। তিনি আরো বলেন যে, বর্তমান অর্থবছরে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৬৭৬.০০ লক্ষ টাকাও অব্যয়িত রয়ে গিয়েছে। আলোচনায় অংশ নিয়ে সভাপতি মহোদয় বলেন যে, গত ০৩.০৮.২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করে এর আরডিপিপি অনুমোদনের উদ্যোগ নিতে সদয় নির্দেশনা দিয়েছেন। এ পরিপ্রেক্ষিতে প্রকল্পের আরডিপিপি পুনরায় অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা প্রয়োজন।
- ৩.৮ সভায় বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয়ঃ

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপির অবস্থান
০১।	খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প	গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০২।	জামালপুর কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৩।	টাঙ্গাইল কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৪।	চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ওপর গত ০২.০৩.২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৫।	মংলা কাস্টম হাউজ নির্মাণ প্রকল্প	প্রকল্পের ডিপিপি'র ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।
০৬।	সাতক্ষীরা কাস্টমস ভবন ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্প	প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে।
০৭।	যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন	প্রকল্পের জনবল নির্ধারণের জন্য ডিপিপি অর্থ বিভাগে

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপি অবস্থান
	প্রকল্প	প্রেরণ করা হয়েছে।
০৮।	বরিশাল কর ভবন নির্মাণ প্রকল্প	গত ০৬.০৮.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৯।	রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।
১০।	সাভার ও খামরাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
১১।	মানিকগঞ্জ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
১২।	ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন প্রকল্প	পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণের আলোকে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
১৩।	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৪.১ দ্রুততম সময়ে সকল প্রকল্পে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের নিমিত্ত প্রকল্পের কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নপূর্বক আইআরডি'তে প্রেরণ করতে হবে;
- ৪.২ বিদ্যমান জনবল নিয়ে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে একটি নির্দিষ্ট সময় পর পর পিআইইউ পুনর্গঠন করতে হবে। প্রতিবার নতুন পদায়িত কর্মকর্তাগণের জন্য প্রকল্প ব্যবস্থাপনার ওপর সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স-এর আয়োজন করতে হবে;
- ৪.৩ বিসিএস (কর) একাডেমি ও বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমিতে অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণে প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত একটি মডিউল অন্তর্ভুক্ত করতে হবে। চট্টগ্রামস্থ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি কর্তৃক যত শিঘ্র সম্ভব এধরনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন নিশ্চিত করতে হবে;
- ৪.৪ কাস্টমস ও ট্যাক্স-এর বিভিন্ন কমিশনারেট ও কর অঞ্চল নিজ নিজ ভৌত অবকাঠামোর জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণের পরিপেক্ষিতে সংশ্লিষ্ট একাডেমি কর্তৃক বিভিন্ন অঞ্চলে প্রকল্প ব্যবস্থাপনার ওপর দু'দিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণের আয়োজন করবে। প্রাথমিক পর্যায়ে খুলনা, বরিশাল, যশোর ও রংপুরে এ প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- ৪.৫ অক্টোবর'১৭ মাসের মধ্যে বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আহ্বান করতে হবে;
- ৪.৬ 'যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প' শীর্ষক প্রকল্পে প্রস্তাবিত জনবল বাদ দিয়ে বিদ্যমান জনবল দিয়ে প্রকল্প বাস্তবায়নের প্রস্তুতিসহ প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;
- ৪.৭ জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি পূরণায় একনেক-এ উপস্থাপনের জন্য তা পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ = ১০.১০.২০১৭  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব শাহিন ইসলাম, যুগ্ম-সচিব)।
- ০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব কাজী দেলওয়ার হোসেন, পরিচালক)।
- ০৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা সাহা, নির্বাহী প্রকৌশলী)।
- ০৫। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব সরোওয়ার আলম, উপ-প্রধান)।
- ০৬। প্রধান, অর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব বোরহানুল হক, উপ-প্রধান)।
- ০৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ ডক্টর নূরুন নাহার, উপ-প্রধান)।
- ০৮। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০৯। সদস্য (কাস্টমসঃ রপ্তানি ও বন্দ), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১১। প্রকল্প পরিচালক, এসজিএমপি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, বন্দ স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৪। কমিশনার, মংলা কাস্টমস হাউজ, খালিশপুর, খুলনা।
- ১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, যশোর/খুলনা/রংপুর/ঢাকা (পশ্চিম)।
- ১৬। কর কমিশনার, কর অঞ্চল বরিশাল/খুলনা/চট্টগ্রাম-১
- ১৭। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি, সিদ্ধেশ্বরী, ঢাকা।
- ১৮। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

অনুলিপি

- ০১। অতিরিক্ত সচিব (কর ও বাজেট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



মোঃ আব্দুল আখের  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৫৪৪৮২